



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



নং-৩৪.০০.০০০০.০৫১.৮৭.০০১.২২-২২


তারিখ : ২৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২” প্রদানের বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশসহ মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের নিকট দ্রুত প্রেরণসহ জেলা/উপজেলা পোর্টালে প্রচারের নির্দেশনা প্রদানের ব্যবস্থাকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের তত্ত্বাবধানে যুবদের সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য চলতি ২০২১-২০২২ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২” প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে অত্যন্ত সম্মানজনক “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২” প্রদানের মূল লক্ষ্য যুবদেরকে স্বেচ্ছাসেবামূলক কাজে উৎসাহিত করা এবং এর মাধ্যমে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা। এ পুরস্কার প্রদানের গুরুত্ব বিবেচনায় ইতোমধ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় সংযুক্ত বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট দ্রুত প্রেরণসহ জেলা/উপজেলা পোর্টালে প্রচারের নির্দেশনা তাঁর কার্যালয় হতে দেয়া প্রয়োজন। উল্লেখ্য, এ বিষয়ে পুরস্কার বিজ্ঞপ্তি ১১ মার্চ, ২০২২ খ্রি. তারিখ **The Daily Observer** এবং ১২ মার্চ, ২০২২ খ্রি. তারিখ বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রকাশিত হয়েছে।

এমতাবস্থায়, “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২২” প্রদানের নিমিত্ত সংযুক্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট দ্রুত প্রেরণের ব্যবস্থাসহ জেলা/উপজেলা পোর্টালে প্রচারের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বিজ্ঞপ্তির কপি ও নির্ধারিত আবেদন ফর্ম।


২০/০৩/২২
মোঃ রবিউল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৮৮৭৮

মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি :

জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।